

## 💵 বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ২১৮

পর্ব - ২ঃ সালাত (کتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩. সালাতের শর্তসমূহ - জুতা জোড়া পবিত্র হলে তাতে সালাত আদায় করা বৈধ

## আরবী

وَعَنْ أَبِي سَعِيد \_ رضي الله عنه \_ قَالَ: قَالَ رَسُولُ اللّهِ \_ صلى الله عليه وسلم: «إِذَا جَاءَ أَحَدُكُمُ الْمَسْجِدَ, فَلْيَنْظُرْ, فَإِنْ رَأَى فِي نَعْلَيْهِ أَذًى أَقْ قَذَرًا فَلْيَمْسَحْهُ, وَلْيُصلِّ فِيهِمَا». أَخْرَجَهُ أَبُو دَاوُدَ, وَصَحَّحَهُ ابْنُ خُزَيْمَةَ

صحيح. رواه أبو داود (650) وصحّحه ابن خزيمة (786)، ولفظه: قال أبو سعيد الخدري \_ رضي الله عنه \_ بينما رسول \_ صلى الله عليه سلم \_ يصلي بأصحابه، إذ خلع نعليه، فوضعهما عن يساره، فلما رأى ذلك القوم ألقوا نعالهم، فلما قضى رسول الله \_ صلى الله عليه وسلم \_ صلاته قال: «ما حملكم على إلقائكم نعالكم؟» قالوا: رأيناك ألقيت نعليك، فألقينا نعالنا، فقال رسول الله \_ صلى الله عليه وسلم \_ : «إن جبريل أتاني، فأخبرني أن فيها قذرا». وقال \_ صلى الله عليه وسلم \_ : «إذا جاء أحدكم ... الحديث». قلت: وأُعِلَّ بالإرسال، ولا يضر ذلك، خاصة وهناك ما يشهد له، ثم الموصول هو الراجح، كما ذهب إلى ذلك أبو حاتم في «العلل» (1/ 121/33)

## বাংলা

২১৮. আবূ সাঈদ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: কোন মুসলিম মসজিদে আসলে সে যেন তার জুতার প্রতি লক্ষ্য করে, যদি তাতে কোন নাপাকি বা ময়লা বস্তু দেখে তবে যেন তা মুছে পরিষ্কার করার পর তা পরে সালাত আদায় করে। ইবনু মাজাহ একে সহীহ বলেছেন।[1]



## ফুটনোট

[1] আবূ দাউদ ৬৫০; ইবনু খুজাইমাহ (৭৮৬) এ হাদীসটিকে সহীহ বলেছেন। হাদীসের শব্দ হচ্ছে:

قال أبو سعيد الخدري \_ رضي الله عنه \_ بينما رسول \_صلى الله عليه سلم \_ يصلي بأصحابه، إذ خلع نعليه، فوضعهما عن يساره، فلما رأى ذلك القوم ألقوا نعالهم، فلما قضى رسول الله \_صلى الله عليه وسلم صلاته قال: «ما حملكم على إلقائكم نعالكم؟» قالوا: رأيناك ألقيت نعليك، فألقينا نعالنا، فقال رسول الله \_ صلى الله عليه وسلم =: «إن جبريل أتاني، فأخبرني أن فيها قذرا». وقال \_صلى الله عليه وسلم =: «إذا جاء أحدكم ... الحديث

আবৃ সাঈদ (রাঃ) বলেনঃ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একদা সাহাবীদের নিয়ে সালাত আদায় করছিলেন। হঠাৎ সালাতের মধ্যেই তিনি জুতা খুলে তার বাম পার্শ্বে রাখলেন। লোকেরা তা দেখে তারাও তাদের জুতা খুলে ফেলল। যখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সালাত শেষ করলেন, তখন বললেন, কিসে তোমাদেরকে জুতাসমূহ খুলে ফেলতে উদ্বুদ্ধ করেছে। তাঁরা বললেন, আমরা আপনাকে আপনার জুতা খুলে ফেলতে দেখেছি; তাই আমরা আমাদের জুতাসমূহ খুলে ফেলেছি। অতঃপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, জিবরীল (আঃ) আমার কাছে এসে বলেছিলেন যে, আপনার জুতাতে নাপাকী রয়েছে (তাই আমি জুতা খুলে ফেলেছিলাম)। অতঃপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উপযুক্ত উক্তি করেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবু সা'ঈদ খুদরী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন